

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
শুঞ্জলা শাখা  
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৫.২০- ২২৪

তারিখ: ২৭ পৌষ ১৪২৭  
৩২ জানুয়ারি ২০২০


**প্রজ্ঞাপন**

যেহেতু, ডা: নন্দ দুলাল বিশ্বাস, মেডিকেল অফিসার (ক্লিনিক) মা ও শিশু কল্যাণ কেন্দ্র, মাগুরা এর বিরুদ্ধে দায়েরকৃত মাগুরা থানার মামলা নং ৩৮ তারিখ: ১৯/০৫/২০১২ (জি আর ৩০০/১২) ধারা দস্তবিধির ৩০৮ এর ০৯/০১/২০২০ খ্রি: তারিখের রায়ে তাকে উক্ত ধারার অপরাধে দোষী সাব্যস্ত করে ১ (এক) বছর সশ্রম কারাদন্ড এবং ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা অনাদায়ে ৩ (তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়। বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মাগুরা অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য রায়ের কপিসহ অনুরোধ জ্ঞাপন করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৫/০৮/২০২০ খ্রি: তারিখের ৫৯.১১.০০০০.১৫৩.২৭.১৩৯.২০-২৩১ নং স্মারকে অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়;

২। যেহেতু, ডা: নন্দ দুলাল বিশ্বাস, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, মাগুরা-কে ফৌজদারী মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক অনূর্ধ্ব ১(এক) বছর মেয়াদের কারাদন্ডসহ অর্থদন্ড প্রদান করা হয়েছে এবং যেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২ (২) ধারা মোতাবেক তার উপর দন্ড আরোপযোগ্য;

৩। সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২(২)(খ) ধারা মোতাবেক ডা: নন্দ দুলাল বিশ্বাস এর বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ আলী নূর)  
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৫.২০- ২২৪

তারিখ: ২৭ পৌষ ১৪২৭  
৩২ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
- ৫। উপপরিচালক (শুঞ্জলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, মাগুরা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মাগুরা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ইমেইলে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। ডা: নন্দ দুলাল বিশ্বাস, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, মাগুরা।

  
(উম্মে কুলসুম)  
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: disc1@mefwd.gov.bd